গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ) এর মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা'র কার্যবিবরণী :

সভাপতি : **এ, কে, এম শামীম আক্তার**
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৩ মার্চ ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে এ বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সফলতা দেখিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে ধারাবাহিকভাবে ২য় স্থান অর্জন করে মর্মে উল্লেখপূর্বক এই সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ আন্তরিকতার সাথে কাজ করে যাবার জন্য সভাপতি কর্তৃক তাগিদ প্রদান করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (এনআইএস ও এপিএ) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার NIS ২০২১-২০২২ অর্থবছরের তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০	**ক. সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) :** NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ [নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন] এর তৃতীয় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% এর বিপরীতে ৯৫% অগ্রগতি অর্জন হওয়ার কারণ জানতে চাওয়া হলে সওজ এর প্রতিনিধি বলেন, ৩য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত ০৬টি সিদ্ধান্তের মধ্যে ০১টি সিদ্ধান্ত ছিল বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ৫০% বাস্তবায়ন। কিন্তু ADP বাস্তবায়নে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪% অর্জিত হয়। তাই ০৫টি সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়া সত্ত্বেও বাকি ০১টি সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়নি। এছাড়া কার্যক্রম ২.৪ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] এর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) প্রকল্প সমাপ্তি শেষে হস্তান্তর নিশ্চিত করার জন্য সভাপতি কর্তৃক গুরুত্বারোপ করা হয়।	(১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ [নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন] এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করতে হবে। (২) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	প্রধান প্রকৌশলী/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর
	খ. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.৩ [বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞাপন প্রকাশ ও প্রচার] অনুসারে পত্রিকার পাশাপাশি ইলেকট্রনিক ও সোস্যাল মিডিয়ায় প্রচার অধিকতর কার্যকর বলে সভাপতি কর্তৃক উল্লেখ করা হয়। এছাড়া কার্যক্রম ৩.৫ [ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা] প্রসঙ্গে সভাপতি কর্তৃক উল্লেখ করা হয় যে, বর্তমানে মোটরযানের ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিদ্যমান প্রক্রিয়া জটিল বলে প্রতীয়মান হয়। তাই গতানুগতিক পদ্ধতি সংশোধন করে এ সেবাটিতে আরো প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সহজতর করা হলে সেবা প্রত্যাশীদের ভোগান্তি অনেকাংশে লাঘব হবে।	(১) কার্যক্রম ৩.৩ [বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞাপন প্রকাশ ও প্রচার] অনুসারে পত্রিকার পাশাপাশি ইলেকট্রনিক ও সোস্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	গ. বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] অনুসারে তৃতীয় প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৮০% এর বিপরীতে ১৮% অগ্রগতি অর্জিত হওয়ার কারণ জানতে চাওয়া হলে বিআরটিসি'র প্রতিনিধি জানান, অবকাঠামোগত কাজ করার জন্য ঠিকাদার নিয়োগে জটিলতা থাকায় এ সংক্রান্ত কার্যক্রম দীর্ঘ সময় ধরে বন্ধ ছিল। ফলে এ সূচকে আশানুরূপ অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি। বর্তমানে ঠিকাদার নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ায় আগামী ৪র্থ প্রান্তিকে এ সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।	(১) প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও তৎপরতা বৃদ্ধি করে এ সূচকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি
	ঘ. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩ [সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন] সম্পর্কে সভাপতি কর্তৃক উল্লেখ করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বাস্তবসম্মত প্রতিপাদ্য নির্ধারণ করে সভা আয়োজন করা উচিত। এছাড়া কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর তৃতীয় প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪০% এর বিপরীতে ২৫% অগ্রগতি অর্জিত হওয়ার কারণ জানতে চাওয়া হলে ডিটিসিএ'র প্রতিনিধি জানান নতুন সৃষ্ট প্রকল্পের জন্য অর্থছাড় না হওয়ার কারণে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। প্রয়োজনীয় অর্থছাড় করে ৪র্থ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।	(১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩ [সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা] বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অংশীজনদের অংশগ্রহণে অংশীজন সভা আয়োজন করতে হবে। (২) কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	নির্বাহী পরিচালক/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিটিসিএ
	ঙ. ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর তৃতীয় প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৫০% এর বিপরীতে ৩৮.৩৭% অগ্রগতি অর্জন হওয়ার কারণ জানতে চাওয়া হলে ডিএমটিসিএল'র প্রতিনিধি জানান MRT (Line-5) Northern Route এর ভূমি অধিগ্রহণের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাব অনুমোদিত হলে ৪র্থ ত্রৈমাসিকে এ সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	(১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল
	চ. ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) : NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] অনুসারে তৃতীয় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৬০% এর বিপরীতে ৪০% অগ্রগতি অর্জন হওয়ার কারণ জানতে চাওয়া হলে ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড এর প্রতিনিধি জানান এ সংক্রান্ত অর্থছাড় ৫ মাস দেরী হওয়ায় ADP বাস্তবায়ন আশানুরূপ হয়নি। গতমাসে অর্থছাড় হওয়ায় আশা করা যাচ্ছে ৪র্থ ত্রৈমাসিকে এ সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে।	(১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড
৩.০	NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ [নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন], কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এবং কার্যক্রম ২.৪ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করতে হবে। ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নে ক্রম [৩] এ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম নির্ধারণে প্রসেসধর্মী কার্যক্রম নির্ধারণ না করে শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক ফলাফল ভিত্তিক কার্যক্রম নির্ধারণে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার	(১) NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ [নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন] শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। (২) কার্যক্রম ২.৪ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নকল্পে জনপ্রশাসন	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/ বিআরটিএ/ বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটি সিএল/ ঢাকা বিআরটি

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	জন্য সভাপতি কর্তৃক পরামর্শ প্রদান করা হয়। সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিত করতে হবে। (৩) কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। (৪) কার্যক্রম ৩ [শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম] ফলাফল ভিত্তিক হতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহীত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে।	

৪.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধনবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
৩/৪/২২
(এ, কে, এম শামীম আক্তার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০৯.২১-৪০

তারিখ : ২০ চৈত্র, ১৪২৮ / ০৩ এপ্রিল, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

০৩.০৪.২০২২
(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd